

নজরুলের নামে বিশ্ববিদ্যালয়

প্রতিষ্ঠা ও জন্মদিনে ছুটি

ঘোষণার দাবী

স্টাফ রিপোর্টার : জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মশতবার্ষিকী উদাপন উপলক্ষে শতাব্দীর মহানায়ক শহীদ জিয়া ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত এক আলোচনা সভায় বক্তারা বলেছেন, এদেশের জাতীয় কবি আজ এদেশের সরকারী প্রচার মাধ্যমে দারুণভাবে উপেক্ষিত। সরকার বিটিভি থেকে নজরুলকে নির্বাসনে পাঠিয়েছে। বক্তারা অন্যান্য দেশের জাতীয় কবির মত কাজী নজরুল ইসলামকেও যথাযথ মর্যাদা দিয়ে তার নামে একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য সরকারের প্রতি আহবান জানান এবং তার জন্মদিনে ছুটি ঘোষণার দাবী করেন।

সংগঠনের মিরপুরস্থ কার্যালয়ে গতকাল (রবিবার) অনুষ্ঠিত এ আলোচনা সভায় বক্তব্য রাখেন জহিরউদ্দিন আকবর মানিক, নজরুল ইসলাম পাটোয়ারী প্রমুখ। সভাপতিত্ব করেন আখতার উজ্জামান বাদশা। বক্তারা উল্লেখ করেন, যারা এ মহান কবির প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করে না তারা বাংলাদেশের স্বাধীন অস্তিত্বে বিশ্বাস করে না।